

নং-২৮.০০.০০০০.০১৩.২৭.০১১.১৬. ১৬৩


তারিখ: ০৯ আশ্বিন, ১৪২৭  
২৪ সেপ্টেম্বর, ২০২০

### পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের সদস্যের ১(এক)টি শূণ্য পদ পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, জীবন-বৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদের সত্যায়িত ফটোকপিসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

- ২। সদস্য পদে নিয়োগের জন্য প্রার্থীগনকে নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবেঃ
  - সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১৫(পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ খনি ও খনিজ সম্পদ, কেমিক্যাল, মেকানিক্যাল অথবা পেট্রোলিয়াম বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী প্রকৌশলী।
- ৩। নিয়োগ, কার্যকাল, বেতন, ভাতা, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্ত:
  - ক. রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হয়ে উক্ত সদস্যগণ কমিশনের সার্বক্ষণিক কর্মকর্তা হবেন।
  - খ. প্রতিমাসে মূল বেতন বাবদ ৯৫,০০০/- টাকা, বাড়ি ভাড়া বাবদ ৫০,৬০০/- টাকা, নিজের ও পরিবারবর্গের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন।
  - গ. নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (২০০৫ ও ২০১০ সালে সংশোধিত) দ্বারা নিয়ন্ত্রিত হবে।
  - ঘ. নিযুক্তির পর সদস্য হিসেবে কার্যকাল, কার্যভার গ্রহণের তারিখ হতে ৩(তিন) বৎসর হবে।
  - ঙ. সরকারি চাকরিতে নিয়োজিত ব্যক্তিগণকে তাঁদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে এবং উক্তরূপ নিয়োগের জন্য নির্বাচিত হলে সরকারি চাকরির অবসান ঘটিয়ে উক্ত পদে যোগ দিতে হবে।
- ৪। অযোগ্যতা:
  - (১) কোন ব্যক্তি সদস্য হিসেবে নিযুক্ত হবার বা থাকবার যোগ্য হবেন না, যদি তিনি-
    - ক) বাংলাদেশের নাগরিক না হন;
    - খ) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসাবে ঘোষিত হন;
    - গ) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন; এবং
    - ঘ) নৈতিক স্বলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হয়ে আদালত কর্তৃক অনূন দুই বৎসর বা তদুর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন এবং উক্ত দণ্ড হতে মুক্তিলাভের পর পাঁচ বৎসর সময় অতিক্রান্ত হয়নি।
  - (২) কমিশনের আওতাভুক্ত কোন কিছুতে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন কোন ব্যক্তি সদস্য পদে নিয়োগ লাভের যোগ্য হবেন না।
  - (৩) সদস্য হিসেবে নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে এনার্জি খাতে ব্যবসায়িক স্বার্থে জড়িত হতে/থাকতে পারবেন না।
- ৫। ফ্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর ২(দুই) সেট আবেদনপত্র (সকল সংলগ্নীসহ) ১২ অক্টোবর, ২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে দাখিল/প্রেরণ করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ইতোমধ্যে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এ বিজ্ঞপ্তিটি [www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd), [www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd) এবং [www.berc.org.bd](http://www.berc.org.bd) ওয়েবসাইট ঠিকানায় দেখা যাবে।

  
28/07/2020

(শামীমা ফেরদৌস)

উপসচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

ফোন:৯৫৫১১৪৩

ই-মেইল:dsadmin3@emrd.gov.bd